ভারতবর্ষের পাখিদের সার্বিক অবস্থা ২০২৩

STATE OF INDIA'S BIRDS 2023

www.stateofindiasbirds.in

গোটা পৃথিবী জুড়ে সার্বিকভাবে জীববৈচিত্র্যের পাশাপাশি পাখিদের সংখ্যা ক্রমশ কমছে। এই ধ্বংসযজ্ঞ আটকাতে এবং বাস্তুতন্ত্রকে রক্ষা করতে ভারতে ইতিমধ্যে বেশ কিছু ইতিবাচক পদক্ষেপ নেওয়া হয়েছে। জীববৈচিত্র্যের পর্যায়ক্রমিক মূল্যায়ন *(periodic assessment)* এই পদক্ষেপগুলির অন্যতম গুরুত্বপূর্ণ একটি অংশ। *State of India's Birds 2020* ছিল সর্বপ্রথম দেশি পাখিদের নিয়ে এরকম একটি মূল্যায়ন যেখানে ১০১ টি প্রজাতির পাখিকে সংরক্ষণে সর্বাপেক্ষা গুরুত্ব দেওয়ার জন্য বিশেষভাবে চিহ্নিত করা হয়েছিল এবং তাদের রক্ষা করতে সম্মিলিত প্রচেষ্টার কথা বলা হয়েছিল।

তিন বছর পর *State of India's Birds*-এর এই দ্বিতীয় সংস্করণটি আরও বেশি তথ্যসমৃদ্ধ হয়েছে। আরও বেশি প্রজাতির পাখিকে জায়গা দেওয়া সম্ভব হয়েছে। নতুনভাবে জোর দেওয়া হয়েছে চিরাচরিত পাখি পর্যবেক্ষণের গুরুত্ব বোঝাতে এবং ভারতীয় পাখিদের জন্য নানাধরণের বিপদ *(threats)* সমূহের পুনঃমূল্যায়ন এবং তাদের বিরূপ প্রতিক্রিয়া নিয়ে সকলকে ওয়াকিবহাল করতে।

সরকারি প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং বেশ কিছু স্বেচ্ছাসেবী সংস্থা মিলে মোট ১৩ টি সংগঠন ২০২৩ সালের *State of India's Birds* চূড়ান্ত রিপোর্ট প্রস্তুতিতে এগিয়ে এসেছে। মূল রিপোর্টটি বাস্তবায়িত হয়েছে *citizen science data* অর্থাৎ সমাজে বিভিন্ন পেশায় নিয়োজিত পক্ষীপর্যবেক্ষকদের দেওয়া তথ্যের ওপর ভিত্তি করে। বিভিন্ন শ্রেনীর মানুষের সক্রিয় অংশগ্রহণ এবং পারস্পরিক সহযোগিতায় তৈরী এই রিপোর্ট ভবিষ্যতে পাখি সমেত জীববৈচিত্র্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ভাষান্তর: কনাদ বৈদ্য, মৌসুমী দত্ত, সমীরণ ঝা

৯৪২

প্রজাতির পাখির মূল্যায়ন করা হয়েছে আগামীদিনে সংরক্ষণের ক্ষেত্রে তাদের গুরুত্ব অনুধাবনের জন্য

১৪

প্রজাতির পাখিকে IUCN লাল তালিকায় পুনঃমূল্যায়ন করার প্রস্তাব রাখা হয়েছে, নীলকণ্ঠ পাখিরা যাদের মধ্যে অন্যতম

১৭৮

প্রজাতির পাখিকে জরুরীভিত্তিতে সংরক্ষণের জন্য চিহ্নিত করা হয়েছে

২১৭

প্রজাতির পাখি বিগত আট বছর ধরে স্থিতিশীল অবস্থায় আছে অথবা সংখ্যায় বেড়েছে

চূড়ান্ত ফলাফল রূপায়ণে ভারত জুড়ে নিয়মিত পাখি পর্যবেক্ষণের ভূমিকা এককথায় অনস্বীকার্য

শিকারি পাখি, হাঁস এবং সমুদ্র উপকূলবর্তী পরিযায়ী পাখিদের সংখ্যা সবথেকে বেশি কমেছে

জরুরীভিত্তিতে সংরক্ষণযোগ্য পাখিদের কথা সকলের সামনে তুলে ধরা, উপেক্ষিত বিচরণক্ষেত্রগুলির বিভিন্ন সমস্যা নিয়ে সোচ্চার হওয়া এবং পর্যবেক্ষণ আর গবেষণাধর্মী কাজগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নীতিনির্ধারণ এবং যাবতীয় কার্যকলাপকে এক সারিতে রেখে গতি আনতে হবে

ভারতে পাখিদের জন্য আটটি মূল প্রতিপাদ্য বিষয়কে বিপদ (threats) হিসেবে চিহ্নিত করা হয়েছে

খোলামেলা পরিবেশ, নদী-নালা এবং উপকূলবর্তী অঞ্চলে বসবাসকারী পাখিদের সংখ্যা কমেছে



৩০,০০০+

পক্ষীপ্রেমিকের ৩ কোটি পর্যবেক্ষণের ওপর ভিত্তি করে পাখিদের সার্বিক অবস্থা (trend) এবং পরিসরের (distribution) বিশ্লেষণ করা হয়েছে

ময়ূরদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে

গত তিন দশকে কোকিলদের সংখ্যা বেড়েছে